দৈনিক
ইত্তেফাক

তারিখ 04 FEB 2014
পৃষ্ঠা ৬ কলাম ২

# ঝরেপড়াদের সুযোগ দিতে উপ-আনুষ্ঠানিক শিক্ষাবোর্ড

■ বিশেষ প্রতিনিধি

ঝরেপড়া শিক্ষার্থীদের সুযোগ দিতে উপ-আনুষ্ঠানিক শিক্ষা বোর্ড গঠনের উদ্যোগ নিয়েছে সরকার। দেশের যেসব বয়স্ক লোক ১৪ বছর বয়সে আনুষ্ঠানিক শিক্ষা পায়নি তারা এই বোর্ডের অধীনে উপ-আনুষ্ঠানিক শিক্ষা নিতে পারবেন। গতকাল সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে উপ-আনুষ্ঠানিক শিক্ষা আইন-২০১৪'র খসড়া চূড়ান্ত অনুমোদনের জন্য উত্থাপন করা হয়। তবে আইনের এই খসড়াটিতে মন্ত্রিসভার সদস্যদের প্রস্তাব সন্নিবেশিত করে পুনরায় তা উত্থাপনের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছে মন্ত্রিসভা। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোশাররাফ হোসাইন ভূইয়া প্রেস ব্রিফিংয়ে বলেন, সরকার প্রতিটি নাগরিকের শিক্ষার বিষয়ে অগ্রাধিকার প্রদান করছে। ঝরেপড়া ও অন্যান্য কারণে বিপুলসংখ্যক শিশু আনুষ্ঠানিক শিক্ষার বাইরে থেকে যাচ্ছে। সরকার তাদের উপ-আনুষ্ঠানিক শিক্ষা বিষয়ে ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন করছে এবং এক্ষেত্রে ব্যাপক সাফল্যও রয়েছে। কিন্তু বর্তমানে এ বিষয়ে কোন আইন নেই। এতোদিন উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে এ ধরনের শিক্ষা কার্যক্রম পরিচালিত হলেও একাডেমিক কাজ করার জন্য উপ-আনুষ্ঠানিক শিক্ষা আইনের আওতায় একটি বোর্ড গঠন করা হবে। তিনি বলেন, আইন মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করে আইনের খসড়াটি আবারো মন্ত্রিসভায় উপস্থাপনের নির্দেশনা দেয়া হয়েছে। এর আগে গত মে মাসে উপ-আনুষ্ঠানিক শিক্ষা আইনের নীতিগত অনুমোদন দিয়েছিল মন্ত্রিসভা।

এছাড়া গত ৩-৬ ডিসেম্বর ইন্দোনেশিয়ার বালিতে অনুষ্ঠিত বিশ্ব বাণিজ্য সংস্থার নবম মন্ত্রিপর্যায়ের বৈঠক বিষয়ে মন্ত্রিসভাকে অবহিত করে বাণিজ্য মন্ত্রণালয়।

সূত্র জানায়, আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে একক প্রার্থী বাছাই নিয়ে মন্ত্রিসভায় অনানুষ্ঠানিক আলোচনা হয়। মন্ত্রিসভার সদস্যরা বলেন, সারাদেশে ৮০ ভাগ উপজেলায় একক প্রার্থী দেয়া সম্ভব হবে। ২০ ভাগ উপজেলায় দলের একাধিক প্রার্থী থাকতে পারে। কয়েক জন মন্ত্রী একক প্রার্থী বাছাইয়ের জন্য আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতাদের সমন্বয়ে গঠিত ৭টি টিমের কার্যক্রম জোরদার করার দাবি জানান। এ সময় প্রধানমন্ত্রী তৃণমূলের মতামতের ভিত্তিতে সব জায়গায় দল সমর্থিত, একক প্রার্থী দিতে তদারকি করার জন্য মন্ত্রিসভার সদস্যদের প্রতি নির্দেশ দিয়ে বলেন, এ ব্যাপারে দলের ৭টি টিম কাজ করছে। আপনারাও যার যার এলাকায় একক প্রার্থী নির্ধারণে সহায়তা করুন। এছাড়া যমুনা নদী ড্রেজিং করা মাটি নিয়ে শিল্পপার্ক গড়ে তোলার বিষয়টিও বৈঠকে আলোচনা হয়।

মন্ত্রিসভার বৈঠকে উপস্থিত একজন মন্ত্রী জানান, বর্তমান সরকার গঠনের পর এ পর্যন্ত চারটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে একটি বড় পরিবর্তন এসেছে। তা হলো মন্ত্রিসভার বৈঠকে আগের মতো প্রধানমন্ত্রীর উপদেষ্টারা উপস্থিত থাকছেন না। এছাড়া প্রতিমন্ত্রীরাও বৈঠকে থাকছেন না। শুধুমাত্র শীর্ষ মন্ত্রী এবং এজেন্ডাভিত্তিক মন্ত্রণালয়ের মন্ত্রীদের মন্ত্রিসভার বৈঠকে রাখা হচ্ছে।